

কম্পিউটার

তারিখ ... 25 OCT. 2017।
পৃষ্ঠা ... 2 / ...

জেএসসি পরীক্ষা
পরীক্ষা শুরুর
আধাঘণ্টা আগে
হলে ঢুকতে হবে

নিম্ন প্রতিবেদক >

জেএসসি পরীক্ষার্থীদের পরীক্ষা শুরুর
আধাঘণ্টা আগে হলে ঢুকতে হবে।
শিক্ষার্থীরা পরীক্ষার হলে ঢোকার পর
প্রশ্নপত্র খোলা হবে। পরীক্ষার সঙ্গে
সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীরা কোনো
মোবাইল ফোন সঙ্গে রাখতে পারবেন না।
শুধু পরীক্ষাকক্ষের সচিব যোগাযোগের
জন্য একটি সাধারণ ফোন সঙ্গে রাখতে
পারবেন।

আসন্ন জুনিয়র স্কুল সার্টিফিকেট
(জেএসসি) ও সন্মান পরীক্ষা সৃষ্টি,
নকলসুজ ও ইতিবাচক পরিবেশে সম্পন্ন
লক্ষ্যে গঠিত জাতীয় মনিটরিং এবং
আইন-শৃঙ্খলাসংক্রান্ত কমিটির সভায়
এসব সিদ্ধান্ত হয়। গতকাল মঙ্গলবার
শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের
সভাপতিত্বে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে
এই সভা অনুষ্ঠিত হয়। এবারের জেএসসি
ও জেডিসি পরীক্ষা ১ নভেম্বর শুরু হবে
এবং ১৮ নভেম্বর শেষ হবে।
সভায় শিক্ষামন্ত্রী বলেন, এ পরীক্ষায় যাতে
কোনো অনিয়ম, নকল বা প্রশ্নপত্র ফাঁসের
ঘটনা না ঘটে সেদিকে সংশ্লিষ্ট সবাইকে
তীব্র নজর রাখতে হবে। প্রশ্নপত্র ফাঁসের
গুজব ছড়ানো, ফেসবুকে প্রশ্ন
সরবরাহকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা
নেওয়া হবে।

সভায় জানানো হয়, পরীক্ষা সৃষ্টিভাবে
সম্পাদনের লক্ষ্যে মোবাইল কোর্ট চালু
থাকবে। পরীক্ষায় কোনো অনিয়ম বা প্রশ্ন
ফাঁসের ঘটনা ঘটলে সর্বোচ্চ ব্যবস্থা নেওয়া
হবে। এ ছাড়া পরীক্ষাসংক্রান্ত একটি
কন্ট্রোল রুম চালু থাকবে।